বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪০, ই-মেইল dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২১-২০২২/ ৩৮৪ (১২৫০) তারিখঃ ০৬.০৯.২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে (২০২১-২০২২ অর্থ বছরের জন্য) শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (বিশেষ মনিটরিং ইউনিট) এর ০১.০৯.২০২১ তারিখের সূত্রঃ বিআরপিডি(পি-৫)/৯০১(১০)/২০২১-৭৭১৮ এবং বিকেবি, ক্রেডিট বিভাগের ১৩.০৭.২০২১ তারিখের পত্র নং-৭৪(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত পত্রে ০৬ জুলাই ২০২১ তারিখের পত্রের দৃষ্টি আকর্ষণপূর্বক বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর নির্দেশনা মোতাবেক শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় অত্র ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা পূর্ব নির্ধারিত ১৩৭.০০ (একশত সাইত্রিশ) কোটি টাকা হতে ১২০.০০ (একশত বিশ) কোটি টাকা পুনঃ নির্ধারণ করা হয়েছে। পুনঃ নির্ধারিত ১২০.০০ কোটি টাকা বিকেবি'র বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃ বন্টন করে দেয়া হলো ঃ

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগ/ কার্যালয় | পূর্ব নির্ধারিত লক্ষ্যমাত্রা | পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ০১ | ঢাকা | ২৫.০০ | ২৫.০০ |
| ০২ | ময়মনসিংহ | - | - |
| ০৩ | চট্টগ্রাম | ১৭.০০ | ১৭.০০ |
| ০৪ | খুলনা | ১৫.০০ | ১৫.০০ |
| ০৫ | বরিশাল | - | - |
| ০৬ | সিলেট | - | - |
| ০৭ | কুমিল্লা | - | - |
| ০৮ | ফরিদপুর | - | - |
| ০৯ | কুষ্টিয়া | - | - |
| ১০ | এলপিও | ৮০.০০ | ৬৩.০০ |
| মোট- | | ১৩৭.০০ | ১২০.০০ |

০৩। বরাদ্দকৃত/নির্ধারিত সীমা অনুযায়ী সময়মত ঋণ/বিনিয়োগ প্রদানে ব্যর্থ হলে বা ভবিষ্যতে ঋণ/বিনিয়োগের চাহিদা কম/বেশী হলে প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক উক্ত সীমা হ্রাস/বৃদ্ধি করতে পারে। তবে নির্ধারিত/পুনঃ নির্ধারিত সীমার অতিরিক্ত কোন ঋণ/বিনিয়োগের বিপরীতে এ প্যাকেজের আওতায় সুদ-ভর্তুকী সুবিধা প্রাপ্য হবে না। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারীকৃত সংশ্লিষ্ট সার্কুলার লেটার এ বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের লক্ষ্যোমাত্রা শতভাগ অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলী সাপ্তাহিক ভিত্তিতে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শুরু থেকেই উক্ত ঋন বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনামতে।

চলমান পাতা-২

বিষয়ঃ **কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে (২০২১-২০২২ অর্থ বছরের জন্য) শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।**

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২১-২০২২/ ৬৮৪ (৮২ ৫০) তারিখঃ ০৬.০৯.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। নথি/মহানথি।

০৬/০৯/২০২১

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৭

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ক্রেডিট বিভাগ-১
ডায়েরী নং ৪৬
তারিখ ০৫/০৯/২১

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৫৮২ তারিখ ০২.০৯.২১
ডিএমডি
জিএম
ডিজিএম Credit
ব্যবস্থাপনা পরিচালক

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
(বিশেষ মনিটরিং ইউনিট)

সূত্রঃ বিআরপিডি(পি-৫)/৯০১(১০)/২০২১-৭৭১৮

তারিখঃ ০১/০৯/২০২১

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এ বিভাগের ০৬ জুলাই ২০২১ তারিখের পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রস্থ পত্রের মাধ্যমে বিআরপিডি সার্কুলার ০৮/২০২০ এর নির্দেশনা মোতাবেক শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় আপনাদের ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা পুনঃনির্ধারণপূর্বক ১২০.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।

৩। উপরোল্লিখিত বরাদ্দকৃত/নির্ধারিত সীমা অনুযায়ী সময়মত ঋণ/বিনিয়োগ প্রদানে ব্যর্থ হলে বা ভবিষ্যতে ঋণ/বিনিয়োগের চাহিদা কম/বেশি হলে প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক উক্ত সীমা হ্রাস/বৃদ্ধি করতে পারবে। তবে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত/পুনঃনির্ধারিত সীমার অতিরিক্ত কোন ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিতরণ করা হলে তার বিপরীতে এ প্যাকেজের আওতায় সুদ-ভর্তুকী সুবিধা প্রাপ্য হবে না।

৪। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারীকৃত সংশ্লিষ্ট সার্কুলার লেটার এ বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(বিশ্বজিত বসাক)
যুগ্ম পরিচালক
ফোন: ৫৫৬৬৫০০১-২০/২০৩৫১

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪০, ই-মেইল dgmlad1@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২১-২০২২/ ৭৪(১২৫০) তারিখঃ ১৩.০৭.২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে (২০২১-২০২২ অর্থ বছরের জন্য) শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (বিশেষ মনিটরিং ইউনিট) এর ০৬.০৭.২০২১ তারিখের সূত্রঃ বিআরপিডি(পি-৫)/৯০১(১০)/২০২১-৫৮৪২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত পত্রে ১২ এপ্রিল ২০২০ তারিখের জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ ও ২৯/১০/২০২০ তারিখের জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষন করতঃ কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় দেশে কার্যরত শিল্প ও সার্ভিস সেক্টরের সক্ষমতা সমুন্নত রাখার লক্ষ্যে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে জুলাই, ২০২১ হতে নতুনভাবে ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে ঋণ/বিনিয়োগ প্রদান করার নির্দেশনা রয়েছে। ৩১, ডিসেম্বর ২০২০ তারিখ ভিত্তিক সকল ব্যাংক কর্তৃক প্রদত্ত ওয়ার্কিং ক্যাপিটাল ঋণের স্থিতির ভিত্তিতে ব্যাংকওয়ারী ঋণ/বিনিয়োগ সীমা নির্ধারণ করা হয়েছে। আলোচ্য প্যাকেজের আওতায় অত্র ব্যাংকের ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ১৩৭.০০ (একশত সাইত্রিশ) কোটি টাকা পুনঃ নির্ধারণ করা হয়েছে। বরাদ্দকৃত ১৩৭.০০ কোটি টাকা বিকেবি'র বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো ঃ

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগ/ কার্যালয় | লক্ষ্যমাত্রা |
|---|---|---|
| ০১ | ঢাকা | ২৫.০০ |
| ০২ | ময়মনসিংহ | - |
| ০৩ | চট্টগ্রাম | ১৭.০০ |
| ০৪ | খুলনা | ১৫.০০ |
| ০৫ | বরিশাল | - |
| ০৬ | সিলেট | - |
| ০৭ | কুমিল্লা | - |
| ০৮ | ফরিদপুর | - |
| ০৯ | কুষ্টিয়া | - |
| ১০ | এলপিও | ৮০.০০ |
| | মোট- | ১৩৭.০০ |

০৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ বাস্তবতার নিরিখে সম্ভাব্য অর্থায়নকারী শাখা সমূহের অনুকূলে বাজেট বরাদ্দ পূর্বক তার কপি আগামী ১৫/০৭/২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবেন। বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩/২০২০ এ বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলী সাপ্তাহিক ভিত্তিতে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শুরু থেকেই উক্ত ঋন বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৩/০৭/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম )
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনামতে।

চলমান পাতা-২

বিষয়ঃ আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়াকিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২১-২০২২/ ৭৪(১২ ৫০) তারিখঃ ১৩.০৭.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

১৩/০৭/২০২১

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক